



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

৩১ জানুয়ারি' ২০২৪ খ্রি.

শিক্ষার্থীদের জন্য সাংস্কৃতি কার্যক্রমের আয়োজন করছে চসিক

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে আন্তঃ স্কুল ও আন্তঃ কলেজ বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করছে চসিক।

বৃহস্পতিবার সকাল ১০ টায় চকবাজারস্থ প্যারেড মাঠে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ আয়োজনের উদ্বোধন করবেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। ৮ ফেব্রুয়ারি (বৃহস্পতিবার) দুপুর আড়াইটায় প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

এ উপলক্ষে বুধবার নগরীর থিয়েটার ইঙ্গিটিউটে আন্তঃ স্কুল ও আন্তঃ কলেজ বিতর্ক প্রতিযোগিতা ২০২৪ এর ওরিয়েন্টেশন ক্লাস অনুষ্ঠিত হয়। এ ক্লাসে শিক্ষার্থীদের আনুষ্ঠানিক বিতর্কের বিভিন্ন নিয়ম-কানুন শেখানো হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে চসিকের প্রধান শিক্ষা কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম বলেন, যে সময়ে মানুষ একে অন্যের মতামতকে সম্মান করতে ভুলে যাচ্ছে এবং যে কোনো উপায়ে নিজের মতামতকে চাপিয়ে দেয়ার সংস্কৃতি চলছে, সেই সময়ে এসে বিতর্কিকরা প্রতিপক্ষের যুক্তি শুনছে, চিন্তা করে দেখছে। সমাজবিজ্ঞানীরা মনে করেন বিতর্কের এই প্রক্রিয়ার মধ্যদিয়ে সহনশীলতা বাড়ে। আর বর্তমান অস্থিতিশীল পরিস্থিতিতে-এই সহনশীলতা খুবই জরুরী। শিক্ষার্থীদের মাঝে সহনশীলতার শিক্ষা ছড়িয়ে দিতে আমাদের এ আয়োজন। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন চসিকের শিক্ষা কর্মকর্তা রাশেদা আকার, কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজের অধ্যক্ষ মোঃ আমিনুল হক খান, দৃষ্টি চট্টগ্রামের প্রতিষ্ঠাতা মাসুদ বকুল।

চসিক ভ্রাম্যমাণ আদালত

স্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাদ্যপণ্য উৎপাদন করায়

১৩ প্রতিষ্ঠানকে ৮০ হাজার টাকা জরিমানা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা এর নেতৃত্বে আজ নগরীতে মোবাইল কোর্ট অভিযান পরিচালিত হয়। অভিযানে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাদ্যপণ্য উৎপাদন ও বিক্রি করার অপরাধে লালদিঘী এলাকায় নিউ সাধু মিষ্টি ভাত্তারকে ১০ হাজার, বক্সিরহাটের জেনুইন সুইটসকে ১৫ হাজার এবং চুক্তি বাতিল হওয়ার পরও অবৈধভাবে ব্যবসা পরিচালনা করার অপরাধে নিউ মার্কেট ও আগ্রাবাদ এলাকার ৫ দোকানদারের প্রত্যেককে ৫ হাজার করে ২৫ হাজার টাকাসহ সর্বমোট ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অপরদিকে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজনের নেতৃত্বে ডবলমুরিং থানাধীন ডিটি রোডের মনচুরাবাদ এলাকায় ফুটপাত ও রাস্তার উপর ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল রেখে চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৬ ব্যক্তির বিরদ্দে মামলা রজু পূর্বক ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮